



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৬/০১/২০২০খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাদক ও জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “মাদক ও জঙ্গিবাদ বিরোধী” সচেতনতামূলক সেমিনার। ২৬ জানুয়ারি ২০২০ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে বরিশাল বিশ্ববিদ্যালয় মাদক বিরোধী কমিটি ও বরিশাল জেলা পুলিশের যৌথ আয়োজনে মাদক ও জঙ্গিবাদের ভয়াবহতা রোধে তরণ প্রজন্মের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে করণীয় প্রসঙ্গে এ সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন বরিশাল জেলা পুলিশের পুলিশ সুপার মোঃ সাইফুল ইসলাম বিপিএম (বার)। বিশ্ববিদ্যালয় মাদক বিরোধী কমিটির আহ্বায়ক ও প্রক্টর ড. সুব্রত কুমার দাসের সভাপতিত্বে সেমিনারে অন্যান্যদের মধ্যে বরিশাল জেলা কমিউনিটি পুলিশ ফোরামের সভাপতি বিশিষ্ট সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব এস এম ইকবাল, বরিশাল জেলা কমিউনিটি পুলিশ ফোরামের সেক্রেটারি বীর মুক্তিযোদ্ধা কে এস মহিউদ্দীন মানিক বীর প্রতীক, কমিউনিটি পুলিশ ফোরামের সদস্য ক্যাপ্টেন (অব) ডাঃ এম সিরাজুল ইসলাম, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবন্দ, ছাত্র উপদেষ্টাগণ, শিক্ষকমণ্ডলী, বিভিন্ন বিভাগের শিক্ষার্থী এবং বরিশাল জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সেমিনারে বক্তারা মাদক ও জঙ্গিবাদের বিভিন্ন ক্ষতিকর দিক তুলে ধরেন এবং সমাজকে এর কলুষতা থেকে রক্ষা করার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কমিটির সদস্য-সচিব ও টিএসসির পরিচালক ড. মোঃ খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস